

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং ৪৪.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫. ২৬০


তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

বিষয়: **কারা কর্মকর্তা/কর্মচারীদের ট্রাস্ট ব্যাংকে সেলারি হিসাব খোলা সংক্রান্ত।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ট্রাস্ট ব্যাংকের সাথে চুক্তি মোতাবেক কারা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ জিপিএফ, সেলারি বা কম্যুটেশনের বিপরীতে সহজ শর্তে ও স্বল্প সময়ের মধ্যে ঋণ গ্রহণ, ফ্রিতে এটিএম কার্ড, ট্রাস্ট ব্যাংকের এটিএম বুথসহ অন্যান্য ২৫/২৬টি ব্যাংকের এটিএম বুথ থেকে চার্জ ব্যতিত টাকা উত্তোলনের যেমন সুযোগ রয়েছে, তেমনি গত সেপ্টেম্বর/২৫ মাস হতে কারা কর্মকর্তা/কর্মচারীদের ট্রাস্ট ব্যাংকের মাধ্যমে বেতন-ভাতা উত্তোলনকারীদের মধ্যে বিনাসুদে ঋণ প্রদান করা হচ্ছে। এছাড়া ট্রাস্ট ব্যাংকের হিসাবের মাধ্যমে অবসর/মৃত্যু দাবিনামা এবং স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের আর্থিক সহায়তার অর্থ স্বল্প সময়েই নির্ভুলভাবে ট্রান্সফার করার পাশাপাশি কারা কর্মকর্তা/কর্মচারীদের বাংলাদেশ কারা পরিবার নিরাপত্তা প্রকল্প ও বাংলাদেশ কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের বাৎসরিক চাঁদা যথাসময়ে আদায় করার চিন্তা-ভাবনা করা হচ্ছে।

২। বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও বাংলাদেশ কারা কর্মচারী পরিবার স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের বাৎসরিক চাঁদা আদায়ে নানাবিধ সমস্যা রয়েছে। যেমন:- কোন কোন কর্মকর্তা/কর্মচারীর চাঁদা পরিশোধ না করেও পরিশোধ করার দাবি করছেন। আবার অনেক ক্ষেত্রে কারাগারে চাঁদা পরিশোধের পরও কারা অধিদপ্তরে প্রেরিত তালিকায় তাদের নাম অন্তর্ভুক্ত করা হয় না মর্মে অভিযোগ রয়েছে। এতদসংক্রান্ত সমস্যা নিরসনকল্পে কর্মকর্তা/কর্মচারীদের বেতন বিল হতে স্বয়ংক্রিয়ভাবে বাৎসরিক চাঁদা কর্তনের পরিকল্পনা করা হচ্ছে। কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ভাতা বিভিন্ন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হলে তাদের বেতন বিল হতে সমন্বিতভাবে স্বয়ংক্রিয় উপায়ে বাৎসরিক চাঁদা কর্তন করা সম্ভব হয় না।

৩। এমতাবস্থায়, আপনার দপ্তর/অধীনস্থ কারাগারে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে এখনও যারা ট্রাস্ট ব্যাংকের মাধ্যমে বেতন ভাতা উত্তোলন করছেন না; তাদেরকে ট্রাস্ট ব্যাংকের মাধ্যমে বেতন-ভাতা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ মোস্তফা কামাল

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন)

পক্ষে-কারা মহাপরিদর্শক।

৫৭৩০০২২২(দপ্তর)।

- ১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
- ২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
- ৩। কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয়/বিশেষ কারাগার।
- ৫। জেল সুপার, সকল জেলা কারাগার/ এইচপিএসইউ।

অনুলিপি:(শুধুমাত্র ই-মেইলযোগে)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ট্রাস্ট ব্যাংক পিএলসি, প্রধান কাযালয়, স্বাধীনতা টাওয়ার (লেভেল ৯)
বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ডেপুটি জেলার (সকল)/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/প্রশাসনিক কর্মকর্তা (সকল)/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। শাখা প্রধান (সকল)/ব্যক্তিগত সহকারী (সকল), কারা মহাপরিদর্শক মহোদয়/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/
কারা উপ মহাপরিদর্শক এর সদয় অবগতি/অবগতির জন্য।